

া ব্যবসা-বাণিজ্য: করনীয় ও বর্জনীয়

বিভাগ/অধ্যায়ঃ ব্যবসায়ী ভাইদের করনীয় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৫. মানব সেবার কাজে মনোযোগ দেওয়া:

ব্যবসা করে গ্রাহকের কাছ থেকে আমরা শুধু লাভ করছি তা নয়; বরং আমরা তাদের জিনিস ও সেবা প্রদান করছি। এটি নবীদের সামাজিক কর্মসূচীর মতো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«التَّاجِرُ الصَّدُوقُ الأَمِينُ مَعَ النَّبِيِّينَ، وَالصِّدِّيقِينَ، وَالشُّهَدَاءِ».

"সত্যবাদী ও বিশ্বাসী ব্যবসায়ীগণ বিচার দিবসে নবী, ওলী ও শহীদগণের সাথে অবস্থান করবে"।[1]
ব্যবসায়ীদের খুশি হওয়া উচিৎ যে, তারা অন্যের জন্য চাকুরীর সুযোগ সৃষ্টি করেন। একজনের চাকুরী হওয়ার অর্থ
হচ্ছে একটি বেকারত্ব কমল, একজনের হালাল আয়ের পথ প্রশস্ত হলো, রাষ্ট্রের মানব সম্পদের উন্নয়ন ঘটল -এ
সবই ইসলামের নির্দেশ।মোটকথা, ব্যবসা শুধু আয়-রোজগারে একটি ব্যবস্থার নাম নয়। ব্যবসার সাথে যেমনিভাবে
মানুষের জীবন-জীবিকার সম্পর্ক, অনুরূপভাবে রয়েছে সামাজিক, মানবিক ও ইসলামী আদর্শ সহ বিভিন্ন কর্মসূচী
ও বাস্তব-ধর্মী পরিকল্পনার বাস্তবায়ন। আল্লাহ তা'আলা আমাদের সত্যিকার ব্যবসায়ী হওয়ার তাওফীক দিন।
আমীন।

>

ফুটনোট

[1] তিরমিযী, হাদীস নং ১২০৯

Source — https://www.hadithbd.com/books/link/?id=9533

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন